





আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন  
জেলা: বান্দরবান

|   |   |   |
|---|---|---|
|                                  |   |   |
|                                  |  |  |
| <p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প<br/>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি<br/>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p> |   |   |
| তারিখ: (০১ নভেম্বর, ২০২০) বুলেটিন নং ১৯৪  |   | ০১ নভেম্বর হতে ০৫ নভেম্বর, ২০২০ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন                |

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ২৮ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০২০ তারিখ পর্যন্ত

| আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)         | ২৮ অক্টোবর           | ২৯ অক্টোবর           | ৩০ অক্টোবর           | ৩১ অক্টোবর           | সীমা                 |
|--|----------------------|----------------------|----------------------|----------------------|----------------------|
| বৃষ্টিপাত (মি.মি)                        | ০.০                  | ০.০                  | ১.০                  | ৩২.০                 | ০.০-৩২.০<br>(৩৩.০)   |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)  | ৩৩.০                 | ৩৩.৪                 | ৩৪.০                 | ৩১.৫                 | ৩১.৫-৩৪.০            |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৫.১                 | ২৫.২                 | ২৭.০                 | ২৬.০                 | ২৫.১-২৭.০            |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)                | ৬০.০-৯৭.০            | ৬৪.০-৯৫.০            | ৬৫.০-৯৫.০            | ৭৮.০-৯৮.০            | ৬০-৯৮                |
| বাতাসের গতিবেগ<br>(কিমি/ ঘন্টা)          | ৫.৬                  | ১৩.০                 | ৫.৬                  | ৯.২                  | ৫.৫৫-১২.৯৫           |
| মেঘের পরিমাণ (অঙ্ক)                      | ৩                    | ৩                    | ৭                    | ৭                    | ৩-৭                  |
| বাতাসের দিক                              | দক্ষিণ /দক্ষিণ-পূর্ব | দক্ষিণ /দক্ষিণ-পূর্ব | দক্ষিণ /দক্ষিণ-পূর্ব | দক্ষিণ /দক্ষিণ-পূর্ব | দক্ষিণ /দক্ষিণ-পূর্ব |

**করোনা ভাইরাস (কভিড-১৯) সংক্রমণের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ**

ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় কমপক্ষে ১ মিটার (৩ ফুট) দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং সাবান ও পানি দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে হাত ধৌত করুন। প্রয়োজনে এলকোহল যুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা যেতে পারে। তাছাড়া করোনা ভাইরাস সংক্রমণ রোধ করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দিকনির্দেশনা মেনে চলুন। কৃষকরা গুপ আকারে কাজ করা থেকে বিরত থাকুন, ভাইরাসের উপসর্গের দেখা দিলে ডাক্তারের সাথে পরামর্শ করুন। বাড়িতে থাকুন, খুব জরুরী না হলে মাঠ পরিদর্শনে যাওয়ার প্রয়োজন নেই।

## আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:

মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর বঙ্গোপসাগর এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হয়েছে। এটি উত্তর/উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী ০১ নভেম্বর থেকে ০৩ নভেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত উপরোক্ত জেলাসমূহে মাঝারী ধরণের ভারী থেকে ভারী বৃষ্টিপাত হতে পারে।

এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো।

- আমন ধানের জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে অতিরিক্ত পানি জমে না থাকতে পারে।
- বৃষ্টিপাতের আগেই পরিপক্ক সবজি ও আমন ধান ৮০% পরিপক্ক হলে সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- জলাবদ্ধতা পরিহারের জন্য সবজি ও অন্যান্য রবি ফসলের জমির চারপাশের নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন।
- বৃষ্টিপাতের ক্ষতি থেকে রক্ষার জন্য বীজতলায় থাকা সবজির চারা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন।
- সাথী ফসল হিসেবে রবি ফসলের বীজ বপন বন্ধ রাখুন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- বীজ বপন ও চারা রোপণ থেকে বিরত থাকুন।
- কলা ও দণ্ডায়মান সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।
- পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন অতিরিক্ত পানিতে মাছ ভেসে না যায়।